

বাংলা ইংরেজি ও মাদ্রাসা

তিন মাধ্যমের স্বকীয়তা অক্ষুণ্ণ রেখে একমুখী শিক্ষাব্যবস্থা চালু হচ্ছে

রিয়াজ চৌধুরী

প্রাথমিক স্তরে একমুখী শিক্ষা ব্যবস্থা চালুর চিন্তা-ভাবনা করছে সরকার। বাংলা, ইংরেজি ও মাদ্রাসা- তিন মাধ্যমের স্বকীয়তা অক্ষুণ্ণ রেখেই সুনির্দিষ্ট কারিকুলামের আলোকেই এ শিক্ষা ব্যবস্থা চালু করার পরিকল্পনা হচ্ছে। প্রতিটি মাধ্যমেই নির্দিষ্ট কয়েকটি বিষয় আবশ্যিক রেখে সময়োপযোগী বিষয় প্রতিটি শিক্ষা মাধ্যমেই নিজস্ব পাঠ্যক্রম সংযুক্ত করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, আগামী কয়েক মাসের মধ্যেই নতুন শিক্ষানীতি ঘোষণা করা হবে। একই সঙ্গে চলমান ১১ ধরনের প্রাথমিক

শিক্ষাকে একীভূত করা হবে। বৈষম্যহীন, অসাম্প্রদায়িক ও আধুনিক শিক্ষার আলো সর্বস্তরে ছড়িয়ে দিতে সরকার এ নীতি প্রণয়নের চিন্তা-ভাবনা করছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, শিক্ষানীতি প্রণয়নের জন্য কমিটি গঠন করা হয়েছে। সে কমিটি বৈঠকে বসে নতুন শিক্ষানীতি প্রণয়ন করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের পর কয়েক মাসের মধ্যেই তার (শিক্ষা নীতি) ঘোষণা দেয়া হতে পারে বলে জানা গেছে। এর আগে গত বছরের ২৭ সেপ্টেম্বর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। সে সভায় চলমান শিক্ষা নীতির বৈষম্য প্রসঙ্গে বিস্তারিত

১১-২-১১

তিন মাধ্যমের স্বকীয়তা অক্ষুণ্ণ

প্রথম পৃষ্ঠার পর

অনুষ্ঠান হয়। অতঃপর সর্বস্তরে শিক্ষার্থীদের সমান সুযোগ নিশ্চিত করতে একমুখী শিক্ষা নীতি চালুর প্রস্তাব উপস্থাপন করা হয়। ওই সভায় তদ্বাবধায়ক সরকারের সাবেক শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিহুর রহমানের উপস্থিতিতে এ ধরনের প্রস্তাব তুলে ধরেন শিক্ষাবিদ অধ্যাপক আব্দুল্লাহ আলু সাইয়িদ ও অধ্যাপক ড. শমসের আলী। বৈঠকে তাদের সূচিবৃত্ত এ প্রস্তাবকে সমর্থন করে সভামত দেন উপস্থিত আরো কয়েকজন শিক্ষাবিদ।

শিক্ষা মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল ইনকিলাবকে জানান, একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করার চিন্তা-ভাবনা করছে সরকার। তবে এ শিক্ষা ব্যবস্থা পূর্বে বাতিল করা একমুখী শিক্ষা ব্যবস্থার মতো হবে না। বাংলা, ইংরেজি ও মাদ্রাসা- তিন মাধ্যমেই স্বকীয়তা অক্ষুণ্ণ রেখেই সুনির্দিষ্ট কারিকুলামের আলোকেই এ শিক্ষা ব্যবস্থা চালু করা হতে পারে। সেক্ষেত্রে প্রতিটি মাধ্যমের পাঠ্যক্রমে নির্দিষ্ট কয়েকটি বিষয় আবশ্যিক থাকবে এবং প্রতিটি শিক্ষা মাধ্যমেই নিজস্ব সময়োপযোগী বিষয়গুলো সংযুক্ত করা হবে।

গত সোমবার জাতীয় প্রেসক্রাফে এক সেমিনারে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, শিগগিরই একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা হচ্ছে। দেশে চলমান ১১ ধরনের প্রাথমিক শিক্ষাকে একীভূত করা হচ্ছে। তিনি বলেন, ২০১১ সালের মধ্যেই সব শিভকে মূলমুখী করা হবে। এছাড়া শিভদের উন্নত শিক্ষা দেয়ার জন্য পাঠ্যপুস্তক ও কারিকুলাম সংশোধনের জন্য ইতোমধ্যে ২টি কমিটি গঠন করা হয়েছে।